

■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৯২৯

১৯/ হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/১৯. ইহরাম অবস্থায় যেরূপ কাপড় পরিধান করবে

بَابِ مَا يَلْبِسُ الْمُحْرِمُ مِنْ الثِيَابِ

আরবী

حَدَّثَنَا أَبُو مُصْعَبٍ، حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَّسٍ، عَنْ نَافِعٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، أَنَّ رَجُلًا
سَأَلَ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - مَا يَلْبِسُ الْمُحْرِمُ مِنْ الثِيَابِ فَقَالَ رَسُولُ اللَّهِ -
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - "لَا يَلْبِسُ الْقُمْصَ وَلَا الْعَمَائِمَ وَلَا السَّرَّاوِيَلَاتِ وَلَا الْبَرَانِسَ وَلَا
الْخِفَافَ إِلَّا أَنْ لَا يَجِدَ نَعْلَيْنِ فَلْيَلْبِسْ خُفَيْنِ وَلْيَقْطَعْهُمَا أَسْفَلَ مِنَ الْكَعْبَيْنِ وَلَا تَلْبِسُوا
مِنَ الثِيَابِ شَيْئًا مَسْأَةً الزَّعْفَرَانُ أَوِ الْوَرْسُ".

বাংলা

১/২৯২৯। আবদুল্লাহ ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞেস করলো, ইহরামধারী ব্যক্তি কিরূপ কাপড় পরিধান করবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ সে জামা পরবে না, পাগড়ি পরবে না, পাজামা পরবে না, টুপি পরবে না এবং মোজা পরবে না। কিন্তু তার জুতা না থাকলে সে মোজা পরতে পারবে, তবে পায়ের গোছা বরাবর মোজার উপরিভাগ কেটে ফেলবে। সে জাফরান অথবা সুগন্ধি ঘাস দ্বারা রঞ্জিত কাপড়ও পরিধান করবে না।

English

It was narrated from 'Abdullah bin 'Umar that a man asked the Messenger of Allah (ﷺ), what clothes may the Muhrim wear? The Messenger of Allah (ﷺ) said:

"He should not wear a shirt, or turbans (or head cover), pants or pajamas, hooded cloaks and no leather socks, unless he cannot find sandals, in which case he may wear leather socks but should cut them to below the ankles. And he should not wear any clothes that have been touched (dyed) with saffron or Wars."

ফুটনেট

সহীল্ল বুখারী ১৩৪, ৩৬৬, ১৫৪২, ১৮৩৮, ১৮৪২, ৫৭৯৮, ৫৮০৩, ৫৮০৫, ৫৮০৬, ৫৮৪৭, ৫৮৫২, ১১৭৭,
তিরমিয়ী ১১৩৩, নাসায়ী ২৬৬৬, ২৬৭৭, ২৬৬৯, ২৬৭০, ২৬৭৩, ২৬৭৪, ২৬৭৫, ২৬৭৬, ২৬৭৭, ২৬৭৮,
২৬৮০, ২৬৮১, আবু দাউদ ১৮২৩, আহমাদ ৪৪৬৮, ৪৫২৬, ৪৮২০, ৪৮৫৩, ৪৮৮১, ৫০৫৫, ৫০৮৭, ৫২৮৬,
৫৩০৩, ৫৩১৪, ৫৪০৪, ৫৪০৮, ৫৪৪৯, ৫৫০৩, ৫৮৭১, ৫৯৬৭, ৬২০৮, মুয়াত্তা মালেক ৭১৬, ৭১৭, দারেমী
১৭৯৮, ১৮০০, ইরওয়া ১০১২, সহীহ আবু দাউদ ১৬০০।

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43893>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন